অদ্য ১৫-০৬-২০২২ ইং তারিখ রোজ: সমন বার উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. মো: ইউনুস আলী মহোদয়ের সভাপতিত্বে ঘটিকায় এক নৈতিকতা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং কুশল বিনিময় করে সভার কাজ শুরু করেন। তিনি বিভাগীয় বিভিন্ন দিক আলোচনা করেন এবং টিকা পরিবহন, সংরক্ষণ ও বিতরনের বিষয়ে আলোচনা করেন। সভায় উপস্থিত প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. মো. মশিউর রহমান বলেন টিকা পরিবহন ও সংরক্ষনের ক্ষেত্রে সঠিক তাপমাত্রায় পরিবহণ ও সংরক্ষন করা জরুরী অন্যথায় টিকার গুনগত মান নষ্ট হয়ে যায়। টিকা পরিবহনের জন্য অবশ্যই কুল বক্স ব্যবহার করা বাধ্যতামূলক এমনকি খামারীদেরকেও টিকা বিতরনের ক্ষেত্রে সঠিক তাপমাত্রায় পরিবহনের জন্য খার্মোফ্লাস্ক বা কুল বক্স ছাড়া টিকা দেয়া যাবে না। জনাব মো: সহিদুল ইসলাম (SALO) বলেন টিকা বিতরনের সময় খামারীদেরকে টিকা প্রদানে সঠিক নিয়ম-কানুন ও টিকার ডোজ নষ্ট না হয় সে জন্য পার্শবর্তী খামারীদের প্রাণিকে টিকা প্রদানের পরামর্শ প্রদান করার ~~প্রস্তাব~~ সভায় আলোচিত সিদ্ধান্ত সমূহের বিষয়ে সকলেই একমত পোষন করে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন

14/6/2022

ডাঃ মোঃ ইউনুস আলী
ভেটেরিনারী সার্জন
ও
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল
দুমকি, পটুয়াখালী।